উপজেলা পরিষদ কার্যালয়
গোয়ালন্দ, রাজবাড়ী।
www.goalanda.rajbari.gov.bd

গোয়ালন্দ উপজেলা পরিষদের নভেম্বর -২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ আসাদুজ্জামান চৌধুরী, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ১৯.১১.২০২০ খ্রি.।

সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিতি : রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই জনাব মো: আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ী করণ করা হয়।

তিনি আরো জানান যে, ২য় পর্যায়ে করোনার প্রাদুর্ভাব বেড়ে চলছে। মাস্ক ব্যবহারকে ১০০% নিশ্চিত করতে হবে। এ বিষয়ে মেয়র ও সকল ইউপি চেয়ারম্যন ব্যাপক প্রচার প্রচারনা করতে হবে। যাদের ঘর নেই তাদের বিষয়ে যাচাই-বাছাই করে ঘর দিতে হবে । যে সকল ভিক্ষুকের পুনবার্সন করা হয়েছে তারা বর্তমানে ভিক্ষা করছে কিনা তা তদারকি করা দরকার।

অতঃপর উন্মুক্ত আলোচনার জন্য সদস্যদের আহবান করলে বিস্তারিত আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ প্রতিবেদনে উল্লেখ করেন যে, অক্টোবর-২০২০ মাসের সেবাপ্রাপ্ত মোট রোগীর সংখ্যা বর্হিবিভাগে ৫১০৬, অন্ত:বিভাগে ৬০৯, জরুরী বিভাগে ১৪০৪, কমিউনিটি ক্লিনিক ও উপ-স্বাস্থ্য কেন্দ্র সমূহে ৮১৩৭ জন, শিশুর টিকা ১৯৫ জন, গর্ভবতী মহিলা টিকা ১০০ জন, ১৫-৪৯ বয়সী মহিলা টিকা সংখ্যা ৬১৪ জন। তিনি আরো জানান যে, গোয়ালন্দ উপজেলায় এখন পর্যন্ত করোনায় মোট আক্রান্ত ২৭০ জন, যার মধ্যে ২৬৪ জন সুস্থ্য হয়েছেন এবং ০১ জন মৃত্যুবরণ করেছেন । এখন পর্যন্ত ১২৫৫ টি নমুনা সংগ্রহপূর্বক করোনা ভাইরাস সনাক্তকরণ পরীক্ষা করা হয়েছে । শীতে করোনা ভাইরাসের শক্তি বেড়ে যায় । শীতে শ্বাসকষ্ট রোগীর সংখ্যা বাড়ে । বিশেষ করে কিডনী রোগী, ডায়বেটিস রোগী ও শ্বাসকষ্টের রোগী বেশী ঝুঁকিপূর্ণ । মাস্ক পড়া ও শারীরিক দূরত্ব বজায় রাখা এবং হাত ধোয়া এ ভাইরাস থেকে দূরে থাকার সবচেয়ে কার্যকর উপায়। প্রতিদিন কমপক্ষে ০২ লিটার পানি খাওয়া দরকার । উপজেলা পরিষদ থেকে ০১ টি ফ্রিজ দেওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান । স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের সকলকে মাস্ক দেওয়া জরুরী প্রয়োজন । মাস্ক সরবরাহের জন্য ২০-৩০ টাকা করে চাঁদা দিয়ে একটি তহবিল তৈরি করার অনুরোধ জানান ।	১। মাস্ক পড়া ও শারীরিক দূরত্ব বজায় রাখা এবং হাত ধোয়া এ ভাইরাস থেকে দূরে থাকার সবচেয়ে কার্যকর উপায়। প্রতিদিন কমপক্ষে ০২ লিটার পানি খাওয়া দরকার মাস্ক সরবরাহের জন্য ২০-৩০ টাকা করে চাঁদা দিয়ে একটি তহবিল তৈরি করার অনুরোধ জানান ।	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী। ২। সকল অফিস প্রধান, গোয়ালন্দ-রাজবাড়ী ।
০২	কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ২০২০-২০২১ অর্থবছরে ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ কার্যক্রম চলছে । কৃষকের সংখ্যা ৩০৫০ জন । ২০২০-২১ অর্থবছরে প্রনোদনার আওতায় ক্ষুদ্র প্রান্তিক কৃষকের মাঝে কৃষি উপকরণ	ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ, রোপা আমন ধান কর্তন ও বীজ সংরক্ষণের জন্য প্রযুক্তি সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান, সরকারী খাদ্য	উপজেলা কৃষি অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।

		বিতরণের জন্য তালিকা প্রণয়ন করার কার্যক্রম শেষ হয়েছে । মোট কৃষকের সংখ্যা ১২২৫ জন । রোপা আমন ধান কর্তন ও বীজ সংরক্ষণের জন্য প্রযুক্তি সম্পর্কে কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে । সরকারী খাদ্য গুদামে ধান বিক্রয়ের জন্য উৎপাদন চাষীদের তালিকা প্রণয়ণ করার কাজ চলছে । মুড়ি পিয়াজ, রসুন, শীতকালীন সবজি আবাদের কার্যক্রম চলছে । সার-বীজ, বালাইনাশক সহজ লভ্যতার জন্য কার্যক্রম জোরদার করা দরকার ।	গুদামে ধান বিক্রয়ের জন্য উৎপাদন চাষীদের তালিকা প্রণয়ণ, ও সার-বীজ, বালাইনাশক সহজ ও লভ্যতা করার জন্য কার্যক্রম জোরদার করার জন্য অনুরোধ জানান।	
০৩	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, খামারীদের ঋণ দেওয়ার জন্য সকল খামারীদের গরুসহ ছবি দেওয়ার অনুরোধ জানান ।	খামারীদের ঋণ দেওয়ার জন্য সকল খামারীদের গরুসহ ছবি দেওয়ার অনুরোধ জানান।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, গোয়ালন্দ রাজবাড়ী।
০৪	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, ১৪ অক্টোবর ২০২০ হতে ০৪ নভেম্বর ২০২০ পর্যন্ত মা ইলশ সংরক্ষণ অভিযান সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। ঢাকা বিভাগের মধ্যে গোয়ালন্দ উপজেলা ১ম স্থান অধিকার করেছে । এ অভিযানে মোট ৬৮ জন কে কারাদন্ড প্রদান করা হয়েছে । অভিযান পরিচালনার জন্য অনেক অর্থ ব্যয় হয়েছে । উক্ত অর্থ এডিবি হতে দেয়ার জন্য অনুরোধ জানান । উজানচর, ছোট ভাকলা ও দৌলতদিয়া ইউনিয়নে প্রকল্প গঠন করা দরকার। কুশাহাটা জলমহল অন্যরা ব্যবহার করছে। কুশাহাটা লোকদের ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।	কুশাহাটা জলমহল অন্যরা ব্যবহার না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোয়ালন্দ। ২। অফিসার্স ইনচার্জ, গোয়ালন্দ ঘাটথানা।
০৫	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভাকে অবহিত করেন যে, তার বিভাগে দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। অনলাইনে ১৫৮টি ভিডিও ধারন করা হয়েছে। ৭৬টি আপলোড করা হয়েছে। ১৮১ জন শিক্ষক আছে। সকল শিক্ষকদের অনলাইনে বেতনভাতাদি দেয়ার কার্যক্রম চলছে । অত্র কার্যালয়ে ২টি সহকারী পদ শূন্য আছে। ৩টি স্কুলের নতুন ভবন নির্মাণের টেন্ডারের কাজ শেষ হয়েছে।	অনলাইনে ক্লাস প্রতিনিয়ত হয় সেবিষয়ে সকল শিক্ষকদের নির্দেশনা দেওয়ার জন্য অনুরোধ জানান।	উপজেলা শিক্ষা অফিসার, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৬	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগে দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ প্রতিবেদনে উল্লেখ করেন যে, অক্টোবর-২০২০ মাসের সক্ষম দম্পতির সংখ্যা ২৫৭৯৯ জন এবং পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২০৩৪১ জন ও পদ্ধতি গ্রহণ করে না ৫৪৫৮ জন। উপজেলায় সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৮৪%। অত্র উপজেলা মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৮৭৯ জন।	১। সক্ষম দম্পতি, রোগীর সেবা ও গর্ভবতী মায়ের চিকিৎসা সঠিকভাবে প্রদান করা হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ২। দৌলতদিয়া ব্রোথেলের প্রতি বিশেষ সচেতনতা কর্মসূচি গ্রহণ করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৭	সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। শতভাগ ভাতার বরাদ্দ আগামী মাসে পাওয়া যেতে পারে। সকল ভাতার আবেদন অনলাইন করা হচ্ছে। ভিক্ষুকদের দ্রুত পুর্নবাসনের ব্যবস্থার কাজ চলছে। সঠিক প্রতিবন্ধি কিনা তা নির্ণয় করতে হবে। বরাদ্দকৃত সম্পন্ন টাকা শেষ হয়নি। যারা প্রতিবন্ধী এবং যাদের বয়স ৬ বছর পার হয়েছে তারা প্রতিবন্ধী ভাতা পাবে। চেয়ারম্যান, দেবগ্রাম ইউপি জানান, ভুয়া প্রতিবন্ধী সনদ নিয়ে ভাতা পাচ্ছেন। যিনি প্রতিবন্ধী, তিনি কখনোই মোটরসাইকেল চালাতে পারেন না । এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া দরকার। দেবগ্রাম ইউনিয়ন বন্যা কবলিত ও নদী ভাঙ্গন এলাকা। নদী শাসনের কাজ জরুরী ভিত্তিতে নেয়া দরকার। চেয়ারম্যান, ছোটভাকলা ইউপি জানান, তার ইউনিয়নে বিভিন্ন প্রকার ভাতাভোগীরা ৩(তিন) মাস ধরে ভাতা পাচ্ছে না। বিষয়টি দেখার জন্য অনুরোধ জানান।	প্রতিবন্ধী ভাতা প্রকৃত অর্থে যারা পাওয়ার যোগ্য তাদেরকে সনাক্ত করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোয়ালন্দ

০৮	জনস্বাস্থ্য বিভাগ	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, টিউবওয়েল কাজ ৯০% শেষ হয়েছে। আগামী মাসের মধ্যে ১০০% কাজ শেষ হবে। প্রতি ৩ কিলোমিটার দুরত্ব মধ্যে টিউবওয়েল স্থাপন করা হবে।	১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হয়।	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা, গোয়ালন্দ
০৯	বিদ্যুৎ বিভাগ	উপজেলা আবাসিক প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ জানান যে, নদীর ওপাড়ে বেথুরী মৌজায় যে পর্যটন কেন্দ্র স্থাপিত হচ্ছে সেখানে বিদ্যুৎ অনিবার্য। বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য আবাসিক প্রকৌশলী(বিদ্যুৎ) ও এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, গোয়ালন্দকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান।	১। বেথুরী মৌজায় পর্যটন কেন্দ্র স্থাপন হচ্ছে। সেখানে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	১। উপজেলা আবাসিক প্রকৌশলী, গোয়ালন্দ ২। এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, গোয়ালন্দ
১০	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে, টিউশন ফি ব্যতিত অন্য কোন ফি নেয়া হবে না মর্মে নির্দেশনা পাওয়া গেছে। যদি নেয়া থাকে তা ফেরত দেয়া হবে।	০১। অনলাইনে ক্লাস প্রতিনিয়ত হয় সেবিষয়ে সকল শিক্ষকদের নির্দেশনা দেওয়ার জন্য অনুরোধ জনান। ০২। টিউশন ফি ব্যতীত অন্য কোন ফি আদায় না করা জন্য অনুরোধ জানান।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোয়ালন্দ,রাজবাড়ী।
১১	নির্বাচন বিভাগ	উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, আগামী ১০/১২/২০২০খ্রি. তারিখে উপজেলা পরিষদে উপ-নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে সকল কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।	উপজেলা পরিষদের উপ-নির্বাচন সুষ্টুভাবে পরিচালনা জন্য সকলে সহযোগিতা কামনা করেন।	উপজেলা নির্বাচন কর্মকর্তা, গোয়ালন্দ
১২	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, যাদের ঘর নেই তাদেরকে যাচাই বাছাই করে ঘর দিতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী কাজ করা হবে।	যাচাই বাছাই করে ঘর দেওয়ার জন্য অনুরোধ জানান।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
১৩	মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ভিজিডি এর তালিকা অনলাইনে আবেদন করা শেষ। আবেদন যাচাই বাছাই কার্যক্রম চলছে।	ভিজিডি আবেদন সঠিকভাবে যাচাই বাছাই করার জন্য অনুরোধ জানান।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোয়ালন্দ।
১৪	খাদ্য নিয়ন্ত্রক বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কোন বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না।	সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোয়ালন্দ
১৫	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
১৬	পরিসংখ্যান বিভাগ	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
১৭	সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, মিল্ক ভিটার সমিতির সভাপতিকে এ সভায় থাকার জন্য অনুরোধ জানান। ঋণ আদায়ের হার কমে গেছে। তিনি সকল ইউপি চেয়ারম্যানদেরকে ঋণ আদায়ের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।	ঋণ আদায়ের বিষয়ে সার্বিক সহযোহিতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান।	১। উপজেলা সমবায় কর্মকর্তা, গোয়ালন্দ। ২। সকল ইউপি চেয়ারম্যান।
১৮	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিপি) কর্তক গোয়ালন্দ উপজেলায় ০৭টি কর্মসূচি	ঋণ আদায় ও বিতরণের এ ধারা অভ্যহত রাখার অনুরোধ জানান।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।

		বাস্তবায়িত হচ্ছে। বিআরডিবি দারিদ্র বিমোচনের লক্ষ্যে কাজ করছে এবং দরিদ্র জনসাধারণের জন্য ঋণ সহায়তা প্রদান করছে। ২০২০-২০২১ অর্থবছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৮২.৯২ লক্ষ টাকা। অক্টোবর-২০২০ পর্যন্ত বিতরণ ১৮৬.২৬ বিতরণ হার ৩২% । সুবিধা প্রাপ্ত সদস্য সংখ্যা ৪১২ জন। ঋণ আদায় ১৮৪.৩৮ লক্ষ টাকা।		
১৯	আনসার ও ভিডিপি বিভাগঃ	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(ভারপ্রাপ্ত), গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কোন বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না।	সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গোয়ালন্দ।
২০	বন বিভাগঃ	ফরেষ্টার উপজেলা বন বিভাগ, গোয়ালন্দ, রাজবাড়ী তার দাপ্তরিক কাজ কর্ম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হয়।	
২১	একটি বাড়ী একটি খামার বিভাগ	উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার প্রকল্প, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে৬ তিনি জানান যে, প্রকৃত ভিক্ষুকদের তালিকা যাচাই বাছাই করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	ভিক্ষুকদের পুর্নবাসন কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান।	উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার প্রকল্প, গোয়ালন্দ।
২২	মেয়র, গোয়ালন্দ পৌরসভা	মেয়র, গোয়ালন্দ পৌরসভা প্রতিনিধি জানান, বিভিন্ন প্রতিষ্ঠান বা অফিসের নিকট অনেক টাকা পৌর কর বাকী থাকায় কর্মচারীদের বেতন ও উন্নয়নমূলক কাজ করতে সমস্যা সৃষ্টি হচ্ছে। তিনি সকল প্রতিষ্ঠান ও অফিসের নিকট পাওয়া পৌর করের টাকা পরিশোধের জন্য অনুরোধ জানান।	পৌর কর পরিশোধের জন্য সকল অফিস ও প্রতিষ্ঠানের প্রতি অনুরোধ জানান।	০১। মেয়র, গোয়ালন্দ পৌরসভা ২। সকল অফিস ও প্রতিষ্ঠান

২৩। প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী, গোয়ালন্দ, রাজবাড়ী সভায় অবহিত করেন যে, তার দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের এডিপি অর্থায়নে বেথুরী মৌজায় পযটন সুবিধাধি অবকাঠামো বর্ধিতাংশে/অবশিষ্টাংশে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা নির্মাণ সুবিধাদি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন করা যেতে যারে।

২৪। বিবিধ সিদ্ধান্ত ঃ-

ক) উপজেলা পরিষদের অক্টোবর-২০২০ মাসের সম্মানী ভাতার পরিমান ভাইস-চেয়ারম্যান ২৭,০০০/-(সাতাশ হাজার), মহিলা ভাইস-চেয়ারম্যান ২৭,০০০/-(সাতাশ হাজার) টাকা, উপজেলা পরিষদের মালীর অক্টোবর-২০২০ মাসের বেতন ভাতা বাবদ ১৩,৯৫০/-(তেরো হাজার নয়শথ পঞ্চাশ) টাকা এবং উপজেলা পরিষদের পরিস্কার ও পরিচ্ছন্নতা কর্মীর আগস্ট-২০২০ ভাতা বাবদ ১৩,৯৫০/-(তেরো হাজার নয়শথ পঞ্চাশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়েছে। যা ভূতাপেক্ষ অনুমোদনের প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রদানকৃত টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

খ) উপজেলা পরিষদে নভেম্বর-২০২০ মাসের বিভিন্ন আপ্যায়ন বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা ও স্থায়ী কমিটি সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা মোট ৩৮,০০০/-(আটত্রিশ হাজার) টাকা মাত্র খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) উপজেলা পরিষদ কার্যালয়ে অক্টোবর-২০২০ মাসের আনুষংঙ্গিক মালামালের ক্রয়কৃত ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) উপজেলা পরিষদ কার্যালয়ে ক্রোকারিজ ক্রয়কৃত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) উপজেলা পরিষদ ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান ভ্রমন ভাতা বিল জুন-২০২০ হইতে অক্টোবর-২০২০ পর্যন্ত সময়ে ভারপ্রাপ্ত চেয়ারম্যান ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা ও মহিলা ভাইস-চেয়ারম্যান ২৫,৫৭০/-(পঁচিশ হাজার পাঁচশত সত্তর) টাকা মাত্র বিল পরিশোধ বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত বিলগুলো পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

চ) মহান বিজয় দিবস-২০২০ উপলক্ষে সুষ্ঠভাবে অনুষ্ঠানাদি সম্পন্ন করার জন্য আনুমানিক ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদান করা প্রয়োজন । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।

ছ) অর্থ মন্ত্রণালয়ের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩, তারিখ ১২/১০/২০২০খ্রিঃ নং স্মারকপত্রের আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) এর নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদে দক্ষ মালী ও দক্ষ পরিচ্ছন্নতাকর্মীর দৈনিক হাজিরা ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ টাকা) হারে নির্ধারণ করা হয়েছে । সে মোতাবেক উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে দক্ষ মালী জনাব আতাহার আলী ও দক্ষ পরিচ্ছন্নতাকর্মী জনাব সাইফুল ইসলাম কে ১২/১০/২০২০ তারিখ হতে ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ টাকা) হারে দৈনিক হাজিরা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদান করা প্রয়োজন । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।

জ) গোয়ালন্দ উপজেলা পরিষদের আওতায় জাতীয় মাছ ইলিশ সংরক্ষণের জন্য ব্যাপক ভাবে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন উপখাতে ব্যয় হয়েছে। উক্ত খাতে কোন বরাদ্দ না থাকায় এডিপি হতে ব্যয় করার জন্য আবেদন করেন। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এডিপি হতে পিআইসি মধ্যমে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা খরচ করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

ঝ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ক্রোকারিজ ক্রয়কৃত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঞ) উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ে পানির লাইন মেরামত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ট) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে পানির লাইন মেরামত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঠ) ৪নং নন গেজেটেড কোয়াটারের বিদ্যুৎ লাইন মেরামত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ড) ৫নং নন গেজেটেড কোয়াটারের বিদ্যুৎ লাইন মেরামত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঢ) উপজেলা পরিষদে পুকুরের মাছের খাবার ক্রয় ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ণ) জনস্বার্থে বেথুরী মৌজায় নভেম্বর মাসে গাছপালা রক্ষনাবেক্ষণ ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ত) উপজেলা পরিষদে বৈদ্যুতিক লাইন মেরামত ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

থ) উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে গর্ত ভরাট ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা খরচ করা হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, গোয়ালন্দ জানান, ২য় পর্যায়ে করোনা আঘাত আসতে শুরু হয়েছে। করোনার কারণে শিক্ষার হার ভেঙ্গে পড়েছে তবু অনলাইনে ক্লাস নেওয়ার ফলে রাজবাড়ী জেলার মধ্যে গোয়ালন্দ উপজেলার অবস্থা ভালো। দেবগ্রাম ইউনিয়নে বেথুরী গ্রামে একটি বিনোদন কেন্দ্র স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। বিনোদন কেন্দ্রের নামকরণ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন । তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০১ বা তার পিতার নামে নামকরণ করার কথা জানান। মা ইলিশ সংরক্ষনের জন্য উপজেলা প্রশাসনসহ সকল জনপ্রতিনিধিদের নিয়ে সুষ্ঠুভাবে পালন করা হয়েছে। এতে অনেক অর্থ ব্যয় হয়েছে। ঋণ বিতরণের ক্ষেত্রে কেউ যেন হয়রানি না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তাকে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আসাদুজ্জামান চৌধুরী)
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা:০১৭২৪-৩৬৩৭৮৬
ই-মেইল:upozilaparishad@gmail.com

স্মারকনং-০৫.৩০.৮২২৯.০০৪.০৬.০০৩.১৭- ১৪৮৩(৩৫)

তারিখ: ১৯.১১.২০২০ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৪। ....কর্মকর্তা, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৫। চেয়ারম্যান, দৌলতদিয়া/দেবগ্রাম/ছোট ভাকলা/উজানচর ইউনিয়ন পরিষদ, গোয়ালন্দ, রাজবাড়ী।
০৬। অফিস কপি।

(মো: আমিনুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়ালন্দ, রাজবাড়ী।
মোবা: ০১৭৩৩-৩৩৬৪০৮
ই-মেইল:unogoalanda@mopa.gov.bd